



মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি  
পারনান্দুয়ালী, মাগুরা



টেলিফোনঃ - ০২-৪৭৭৭১০৭৪৪  
মোবাইলঃ - ০১৭৬৯৪০০০৪৬  
ই-মেইল - magurapbs\_gm@yahoo.com



স্মারক নং-২৭.১২.৫৫৫৭.৫৫১.০২.০০৮.২২. ৪৭২০

তারিখ ২২ অগ্রহায়ণ ১৪২৯ বাং  
০৭/১২/২০২২ ইং

**“রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”**

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর ও আড়পাড়া জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

- ০১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২) প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০৩) সমিতির আওতাভুক্ত থানা/এলাকায় সরকারী ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪) রিটেইনার ডাক্তার পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে।
- ০৫) পবিস নির্দেশিকা ৩০০-২৯ মোতাবেক সদর দপ্তরের জন্য সর্বোচ্চ ১০,০০০/= (দশ হাজার) টাকা এবং জোনাল অফিসের জন্য সর্বোচ্চ ৮,০০০/= (আট হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে (বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অনুমোদনক্রমে)।
- ০৬) একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭) চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮) ০৩ (তিন) বৎসরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্তত পক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন আহবান করা হবে এবং সেই সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৯) সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০) ব্যক্তিগত চেয়ারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারী উল্লেখিত ০২ (দুই) দিন ব্যতীত সপ্তাহে অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য কোন পৃথক ডিজিট বা ফি দেওয়া হবে না।
- ১১) দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে।
- ১২) উক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নিজের নাম (স্পষ্টাক্ষরে), পিতার ও মাতার নাম, (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত কপি, (ঙ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপিসমূহ অবশ্যই গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং আগামী ১৮/১২/২০২২খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী দপ্তরে পৌছাতে হবে।
- ১৩) নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

( স্বদেশ কুমার ঘোষ )

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদর অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। মাননীয় জেলা প্রশাসক, মাগুরা।
- ০৪। পুলিশ সুপার, মাগুরা।
- ০৫। সিভিল সার্জন, মাগুরা।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার-মাগুরা সদর/শ্রীপুর/শালিখা/মহম্মদপুর, মাগুরা।
- ০৮। ডিজিএম(সদর দপ্তর-কারিগরি)/আড়পাড়া/মহম্মদপুর জোনাল অফিস, মাগুরা পবিস।
- ০৯। এজিএম প্রশাসন/অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম(সদর/আড়পাড়া/মহম্মদপুর,শ্রীপুর)/সঃ সেঃ/আইটি, মাগুরা পবিস।
- ১০। অফিস কপি/মাস্টার কপি।

( স্বদেশ কুমার ঘোষ )

জেনারেল ম্যানেজার